Cদ/পক/এমএফপি/২০২২- ১৬১৫

তারিখ: ৩১ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ

# অফিস সার্কুলার

**বিষয়: আমদানী বিকল্প ফসল উৎপাদনে সহায়ক ঋণ কার্যক্রম পরিচালনা নির্দেশিকা প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যে, সংস্থার চট্টগ্রাম (উত্তর) ও রংপুর জোনের কর্মএলাকায় মসলা জাতীয় ফসল (ডাল ,তেলবীজ ও ভুট্টা) উৎপাদনের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিদের ঋণ সহায়তা প্রদানের জন্য "SUFOLON-Phase-০২" নামক সহায়ক ঋণ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সংস্থা কর্তৃক চট্টগ্রাম(উত্তর) জোনের ০৬টি ব্রাঞ্চ এবং রংপুর জোনের ০২ টি ব্রাঞ্চ অর্থাৎ সর্বমোট ০৮ টি ব্রাঞ্চ নির্ধারণ পূর্বক ইতিমধ্যে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ স্বাপেক্ষে ব্রাঞ্চে অর্থ প্রেরণ করা হয়েছে।

ক) উল্লেখিত ঋণ কার্যক্রমটি সুষ্ঠুভাবে পরিচালনা ও বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে সংস্থা কর্তৃক "SUFOLON-Phase-০২" কার্যক্রম পরিচালনা নির্দেশিকা নামে নতুন একটি নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে, যা সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যার্থে সংযুক্তি -০১ এর মাধ্যমে উপস্থাপন করা হলো।

খ) "SUFOLON-Phase-০২" ঋণ কার্যক্রমের তথ্য সংরক্ষণ, হিসাবরক্ষণ ও রিপোটিং সংক্রান্ত বিষয়ে সংস্থার প্রধান কার্যালয়ের MIS & FIS বিভাগ হতে "SUFOLON-Phase-০২" সংক্রান্ত নির্দেশনা অনুযায়ী তথ্য সংরক্ষণ ও হিসাবসংক্রান্ত রিপোটিং করতে হবে।

গ) সংশ্লিষ্ট সকলকে অত্র পত্রসাথ সংযুক্ত (সংযুক্তি-০১- ০৩ ) নির্দেশিকার নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালন, অনুসরণ ও বাস্তবায়ন নিশ্চিত করার জন্য বলা হলো। এ সম্পর্কিত কোন অস্পষ্টতা থাকলে প্রয়োজনীয় পরামর্শ ও দিক নির্দেশনার জন্য জনাব মোঃ আবুল কালাম আজাদ,উপ পরিচালক ও সিনিয়র রিজিয়নাল ম্যানেজার এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

ঘ) "সহকারী পরিচালক ও জোনাল ম্যানেজার " এর তত্ত্বাবধানে অত্র চিঠির কপি সংশ্লিষ্ট এরিয়া অফিসে এবং " সিনিয়র ব্যবস্থাপক ও এরিয়া ম্যানেজার " কর্তৃক এরিয়ার আওতাভুক্ত সকল ব্রাঞ্চে প্রেরণ এবং যথাযথভাবে অনুসরণ ও বাস্তবায়ন নিশ্চিত করণের জন্য বলা হলো।

**ধন্যবাদান্তে,**

**মো: সালেহ বিন সামস**
**নির্বাহী পরিচালক**

**অনুলিপিঃ অবগতি ও কার্যার্থে (ই-মেইলে প্রেরণ করা হলো) ঃ**

১. পরিচালক, মাইক্রোফাইন্যান্স, পদক্ষেপ, প্রধান কার্যালয়।
২. যুগ্ম পরিচালক (সকল), পদক্ষেপ, প্রধান কার্যালয়।
৩. উপ পরিচালক ও সিনিয়র রিজিয়নাল ম্যানেজার (সকল ), পদক্ষেপ, প্রধান কার্যালয়।
৪. উপ পরিচালক , এম আই এস এন্ড রিপোটিং ইউনিট , পদক্ষেপ, প্রধান কার্যালয়।
৫. উপ পরিচালক ও সিনিয়র রিজিয়নাল ম্যানেজার ও আহবায়ক, সফটওয়্যার বাস্তবায়ন কমিটি, পদক্ষেপ, প্রধান কার্যালয়।
৬. মাইক্রোফাইন্যান্সভুক্ত সকল কর্মকর্তা, পদক্ষেপ, প্রধান কার্যালয়।
৭. সিনিয়র সহকারী পরিচালক ,আইসিটি বিভাগ, প্রধান কার্যালয়, পদক্ষেপ। (সংস্থার ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
৮. সহকারী পরিচালক ও জোনাল ম্যানেজার (চট্টগ্রাম উত্তর ও রংপুর জোন) পদক্ষেপ, মাইক্রোফাইন্যান্স প্রোগ্রাম, ।
৯. সিনিয়র ব্যবস্থাপক ও এরিয়া ম্যানেজার (রাঙ্গুনিয়া,খাগড়াছড়ি,মানিকছড়ি ও পাটগ্রাম) পদক্ষেপ, মাইক্রোফাইন্যান্স প্রোগ্রাম, ।
১০.ব্রাঞ্চ ম্যানেজার (রাঙ্গুনিয়া,খাগড়াছড়ি,মানিকছড়ি ও পাটগ্রাম এরিয়াভুক্ত ব্রাঞ্চ সমূহ)পদক্ষেপ, মাইক্রোফাইন্যান্স প্রোগ্রাম।
১১.অফিস কপি।

সংযুক্তি ঃ বর্ণনা মোতাবেক।

পদক্ষেপ
মানবিক উন্নয়ন কেন্দ্র

৩৫ বছর পেরিয়ে সামনে পদক্ষেপ

## Sufolon-Phase-02 ঋণ কার্যক্রম পরিচালনা সংক্রান্ত নির্দেশিকা

| ক্র:নং | বিষয় | | সংক্ষিপ্ত বিবরণ/নির্দেশনা |
|---|---|---|---|
| ০১. | অর্থায়নকারী প্রতিষ্ঠান | : | প্রিমিয়ার ব্যাংক লিমিটেড । |
| ০২. | কম্পোনেন্ট এর নাম | : | SUFOLON-Phase-02 |
| ০৩. | সংজ্ঞা | : | SUFOLON-Phase-02 কার্যক্রম বলতে সংস্থার পাহাড় এবং সমতলে অবস্থিত ব্রাঞ্চসমূহের কর্মএলাকায় মসলা জাতীয় ফসল (ডাল, তেলবীজ,মসলা জাতীয় ফসল ও ভুট্টা )চাষে ঋণ বিতরণ সংক্রান্ত কর্মকাণ্ড পরিচালনা করার জন্য পরিচালিত সহায়ক ঋণ কার্যক্রমকে বুঝাবে। |
| ০৪. | কর্ম এলাকা | : | সংস্থার চট্টগ্রাম (উত্তর) জোনের ০৬ টি ব্রাঞ্চ যথাক্রমে রামগড় ব্রাঞ্চ, মানিকছড়ি ব্রাঞ্চ, গুইমারা , মাটিরাঙ্গা , দিঘিনালা, ও মহালছড়ি ও রংপুর জোনের ০২ টি ব্রাঞ্চ যথাক্রমে জগতবেড় ব্রাঞ্চ, পাটগ্রাম ব্রাঞ্চ সহ সর্বমোট ৮ টি ব্রাঞ্চ। |
| ০৫. | লক্ষিত জনগোষ্ঠী | : | সংস্থার চট্টগ্রাম (উত্তর) জোনের আওতাধীন রাঙ্গুনিয়া এরিয়া, খাগড়াছড়ি এরিয়া, মানিকছড়ি এরিয়া এবং রংপুর জোনের পাটগ্রাম এরিয়ার কর্ম এলাকার ব্রাঞ্চসমূহের কর্ম এলাকায় (ডাল, তেলবীজ,মসলা জাতীয় ফসল ও ভুট্টা ) চাষের সাথে সম্পৃক্ত জনগোষ্ঠী এ ঋণ কার্যক্রমের অন্তর্ভুক্ত হবেন। |
| ০৬. | ঋণ খাত | : | <u>এই ঋণ কার্যক্রমের খাতসমূহ হচ্ছে</u><br>ক) ডাল জাতীয় ফসল ঃ মুগ,মশুর, খেসারী,ছোলা, মটর,মাষকলাই, অড়হর ইত্যাদি ।<br>খ)তেলবীজ জাতীয় ফসল ঃ সরিষা, তিল, তিসি, চীনাবাদাম,সূর্যমুখী, সয়াবিন ইত্যাদি ।<br>গ)মসলা জাতীয় ফসল ঃ আদা, রসুন, পেয়াঁজ, মরিচ, হলুদ, জিরা ইত্যাদি।<br>ঘ)ভুট্টা |
| ০৭. | ঋণ বিতরণের শর্তাবলী | : | ক) কেবলমাত্র সমিতিভুক্ত সদস্যকেই এই কার্যক্রমের আওতায় ঋণ প্রদান করা যাবে। সংস্থায় নতুন ভর্তি হয়েছে এবং প্রচলিত ঋণ খাতে কোন ঋণ সহায়তা পাননি এমন সদস্যকেও এ সহায়ক ঋণ প্রদান করা যাবে।<br>খ) মসলা জাতীয় পণ্য উৎপাদন, যেমন; (পেয়াজ ,রসুন,আদা, হলুদ ,মরিচ ও জিরা )উৎপাদন সংক্রান্ত কর্মকাণ্ড পরিচালনা ও পুনরুজ্জীবিত করার জন্য এই ঋণ লক্ষিত জনগোষ্ঠীর মধ্যে বিতরণ করতে হবে।<br>গ) ঋণের সিলিং নির্ধারণের ক্ষেত্রে আয়-বর্ধনমূলক কর্মকাণ্ডের ধরণ ও চাহিদার সাথে সঙ্গতি রেখে ঋণের সিলিং নির্ধারণ করতে হবে, তবে তা ৫০,০০০/-(পঞ্চাঁশ হাজার) টাকার কম হবে না।<br>ঘ) এই কার্যক্রমের আওতায় গৃহীত ঋণের অর্থ দ্বারা সদস্যের বিদ্যমান অন্য কোন ঋণ সমন্বয় করা যাবে না।<br>ঙ) এই ঋণটি সেকেন্ডারী ঋণ হিসেবে বিতরণ করা হবে । |
| ০৮. | ঋণের মেয়াদ | : | ০১ (এক) বছর। |
| ০৯. | সার্ভিস চার্জের হার | : | বার্ষিক সর্বোচ্চ ০৪% (ফ্ল্যাট রেট) । |
| ১০. | ঋণ পরিশোধের ধরণ | : | সাপ্তাহিক/ মাসিক। |
| ১১. | কিস্তি সংখ্যা | : | ক. এই ঋণ কার্যক্রমের ক্ষেত্রে সাপ্তাহিক ভিত্তিতে পরিশোধযোগ্য কিস্তির সংখ্যা হবে ৪৬ টি।<br>খ. এই ঋণ কার্যক্রমের ক্ষেত্রে মাসিক ভিত্তিতে পরিশোধযোগ্য কিস্তির সংখ্যা হবে ১২ টি। |

| ক্র:নং | বিষয় | | সংক্ষিপ্ত বিবরণ/নির্দেশনা |
|---|---|---|---|
| ১২. | গ্রেস পিরিয়ড | : | ক. সাপ্তাহিক ভিত্তিতে গ্রেস পিরিয়ড ১৪ দিন, এবং<br>খ. মাসিক কিস্তিতে গ্রেস পিরিয়ড ৩০ দিন। |
| ১৩. | ঋণ সীমা/সিলিং | : | সর্বনিম্ন ৫০,০০০/-টাকা এবং সর্বোচ্চ ১,০০,০০০/-টাকা। |
| ১৪. | অন্যান্য ফি গ্রহণ | : | পাশবই ফি বাবদ ১০/-টাকা এবং ঋণ ফি বাবদ ৫/- টাকা সহ সর্বমোট ১৫/- টাকা গ্রহণ করা যাবে। এছাড়া নন-জুডিসিয়াল ষ্ট্যাম্প ব্যবহারের ক্ষেত্রে (যদি প্রয়োজন হয়) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক নির্ধারিত মূল্যমানের নন-জুডিসিয়াল ষ্ট্যাম্প ব্যবহার করতে হবে। |
| ১৫. | সদস্য কল্যাণ তহবিল গ্রহণ | : | সংস্থার প্রচলিত নিয়মে ঋণ বিতরণের বিপরীতে সদস্য কল্যাণ তহবিল খাতে অর্থ গ্রহণ করতে হবে । |
| ১৬. | এলএলপি (LLP) | : | সংস্থার প্রচলিত নিয়মে এলএলপি (LLP) হিসাবভুক্ত করতে হবে। |
| ১৭. | সার্ভিস চার্জ রিবেট | : | এই কার্যক্রমের আওতায় অগ্রিম ঋণ পরিশোধের ক্ষেত্রে সংস্থার সর্বশেষ "সার্ভিস চার্জ রিবেট নীতিমালা" অনুযায়ী সদস্যগণকে যৌক্তিক হারে রিবেট প্রদান করতে হবে। |
| ১৮. | কিস্তির পরিমান | : | ক. সাপ্তাহিক কিস্তিতে পরিশোধযোগ্য ০১ বছর মেয়াদী বিতরণকৃত ঋণের জন্য ১-৪৫ কিস্তি পর্যন্ত প্রতি হাজারে সার্ভিসচার্জসহ আদায়যোগ্য ২৩/-টাকা (আসল-২২.১৫/-টাকা এবং সার্ভিস চার্জ ০.৮৫/-টাকা) এবং ৪৬ নং কিস্তিতে ৫ টাকা (আসল-৩.২৫/-টাকা এবং সার্ভিস চার্জ ১.২৫/-টাকা) অর্থাৎ আসল আদায়যোগ্য ১,০০০/-(এক হাজার) টাকা এবং সার্ভিসচার্জ ৪০ টাকা সহ ১,০০০/- (এক হাজার) টাকা ঋণের বিপরীতে বাৎসরিক সর্বমোট ১,০৪০/-(এক হাজার চল্লিশ) টাকা আদায় করতে হবে।<br><br>**<u>সাপ্তাহিক আদায়ের ক্ষেত্রে ফ্যাক্টর হবে ১.০৪০, যা সর্বমোট আদায়কে ১.০৪০ দ্বারা ভাগ দিয়ে আসল এবং সার্ভিসচার্জ নিরুপন করা যাবে।</u>**<br><br>খ. মাসিক কিস্তিতে পরিশোধযোগ্য ০১ বছর মেয়াদী বিতরনকৃত ঋনের জন্য ১-১১নং কিস্তি পর্যন্ত প্রতি হাজারে সার্ভিসচার্জসহ আদায়যোগ্য ৯০/-টাকা (আসল-৮৬.৫০/-টাকা এবং সার্ভিস চার্জ ০৩.৫০/-টাকা) এবং ১২ নং কিস্তিতে সার্ভিসচার্জসহ ৫০/- টাকা আদায়যোগ্য (আসল-৪৮.৫০/-টাকা এবং সার্ভিস চার্জ ১.৫০/-টাকা), অর্থাৎ ১,০০০/-(এক হাজার) টাকা ঋণের বিপরীতে মাসিক কিস্তির ক্ষেত্রে বাৎসরিক সর্বমোট ১,০৪০/- (এক হাজার চল্লিশ ) টাকা আদায় করতে হবে।<br><br>**<u>মাসিক আদায় এবং ০১ বছর মেয়াদের ক্ষেত্রে ফ্যাক্টর হবে ১.০৪০, যা সর্বমোট আদায়কে ১.০৪০ দ্বারা ভাগ দিয়ে আসল এবং সার্ভিসচার্জ নিরুপন করা যাবে।</u>** |
| ১৯. | তথ্য সংরক্ষণ, হিসাবরক্ষণ ও রিপোটিং | : | ক. ক্যাশবুক ,জেনারেল লেজার , বিতরনের মাষ্টার রোল, আদায় বিবরনী , অন্যান্য প্রমানাদিতে একটি পৃথক হিসাবের খাত খোলার প্রয়োজন হবে।জাগরন ,অগ্রসর, সুফলন , বুনিয়াদ , সাহস ইত্যাদি ঋণের কম্পোনেন্ট এর ন্যায় অনুরুপ কার্যাবলী অনুসরন করতে হবে । |
| ২০. | নিরীক্ষা সংক্রান্ত | : | সংস্থার প্রচলিত নিয়মে এই ঋণ কার্যক্রমের নিরীক্ষা সম্পাদিত হবে। |

| ক্র:নং | বিষয় | | সংক্ষিপ্ত বিবরণ/নির্দেশনা |
|---|---|---|---|
| ২১. | বিশেষ নির্দেশনা | : | ক) এই কার্যক্রম বাস্তবায়নকারী ব্রাঞ্চ সমূহকে প্রধান কার্যালয় হতে অত্র কার্যক্রমের আওতায় গৃহীত ঋণের স্থিতির উপর ১% হারে ফান্ড কস্ট বাবদ অর্থ পরিশোধ করতে হবে।<br><br>খ) মাঠ পর্যায়ের বাস্তব অবস্থার প্রেক্ষিতে ঋণের সিলিং, ঋণের মেয়াদ, ঋণ পরিশোধের পদ্ধতি ইত্যাদি পরিবর্তনের প্রয়োজন হলে এতদসংক্রান্ত বিষয় উল্লেখ সহ প্রধান কার্যালয়ে আবেদন করতে হবে। প্রধান কার্যালয়ের অনুমোদন সাপেক্ষে পরিবর্তিত কার্যক্রম বাস্তবায়ন করা যাবে।<br><br>গ) বর্ণিত নির্দেশিকার কোন ক্ষেত্রে অস্পষ্টতা দেখা দিলে সংস্থার ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে। প্রয়োজনে সংস্থার ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এতদ্বিষয়ক নির্দেশিকার পরিবর্তন/ পরিবর্ধন/ পরিমার্জন/ সংযোজন/ বিয়োজন করার অধিকার সংরক্ষণ করেন। |

====== ০০০০০০০ ======